গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২০.০৩.০৩৪.১৫-৪২৭ তারিখ: ০৩/১০/২০২২ খ্রি.

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ।

সূত্র: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী ১ম ত্রৈমাসিকের নির্ধারিত কার্যক্রম হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোডকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে মৎস্য অধিদপ্তরের আওতাধীন দপ্তর সমন্বয়ে সভা আয়োজন, মৎস্য অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির প্রতিবেদনের আলোকে সুপারিশ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয় (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, ১ম ত্রৈমাসিকের উল্লিখিত কার্যক্রমসমূহ সম্পাদনের প্রমাণক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

03/10/2022
(খঃ মাহবুবুল হক)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ০২-২২৩৩৮২৮৬১
ই-মেইল: dg@fisheries.gov.bd

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মৎস্য অধিদপ্তরের সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক ২১/০৯/২০২২খ্রিস্টাব্দে মৎস্য অধিদপ্তরের প্রধান কার্যালয়, মাঠ পর্যায়ের বিভাগীয় দপ্তরসমূহ, সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম এবং মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তরসমূহের ওয়েবসাইটে প্রকাশিত সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ করা হয়।

এ ছাড়াও, ২২/০৯/২০২২ খ্রি. তারিখে আয়োজিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে মৎস্য অধিদপ্তরের আওতাধীন দপ্তর সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত পর্যালোচনা করা হয়। পরিবীক্ষণ কমিটির সুপারিশের আলোকে বাস্তবায়ন প্রতিবেদন নিম্নরূপ:

| ক্র.ন. | পরিবীক্ষণ কমিটির সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | মৎস্য অধিদপ্তরের অভিযোগ নিষ্পত্তি আপিল কর্মকর্তা পরিবর্তন হওয়ায় 'সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)' এর 'অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS)' অংশ হালনাগাদ করতে হবে। | 'সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)' এর 'অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS)' অংশ হালনাগাদ করা হয়েছে।<br>ওয়েবসাইট লিংক-<br>https://fisheries.portal.gov.bd/sites/default/files/files/fisheries.portal.gov.bd/page/011b024e_9969_4a34_a8f2_e8b606e5f0a9/2022-09-28-07-45-472b79555f89458d29ea86a68a6076af.pdf | |
| ২. | আগামী ২২/০৯/২০২২ খ্রিস্টাব্দে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে মৎস্য অধিদপ্তরের আওতাধীন দপ্তর সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হবে। অনুষ্ঠিতব্য সভায় মাঠ পর্যায়ের বিভাগীয় দপ্তরসমূহ, সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম এবং মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তরসমূহের ওয়েবসাইটে প্রকাশিত সিটিজেন'স চার্টার হালনাগাদকরণের নিমিত্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | সভায় মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কর্মকর্তাগণের অংশগ্রহণে আলোচনাসাপেক্ষে সংশ্লিষ্ট দপ্তরের সিটিজেন'স চার্টার হালনাগাদকরণের নিমিত্ত প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়।<br>স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২০.১৪.০০১.২২.৫৩<br>তারিখ: ২৮ সেপ্টেম্বর ২০২২ খ্রি. | |
| ৩. | মৎস্য অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করতে হবে। | গত ২৭ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে।<br>স্মারক নম্বর- ৩৩.০২.০০০০.১২০.১৪.০০১.২২.৫১, তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০২২ খ্রি. | |

২৯/০৯/২০২২

(মোঃ ওয়াহেদ আল মাসুদ)
উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন
রমনা, ঢাকা।

মৎস্য অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি কর্তৃক ২১/০৯/২০২২খ্রিস্টাব্দে মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত প্রধান কার্যালয়ের সিটিজেন'স চার্টার এবং মাঠ পর্যায়ের বিভাগীয় দপ্তরসমূহ, সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম এবং মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তরসমূহের ওয়েবসাইটে প্রকাশিত সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ ও পর্যালোচনা করা হয়। পর্যালোচনার আলোকে প্রতিবেদন নিম্নরূপ:

**পরিবীক্ষণকৃত বিষয়সমূহ:**

১. মৎস্য অধিদপ্তরের অভিযোগ নিষ্পত্তি আপিল কর্মকর্তা- মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা পরিবর্তন হয়েছে। সে মোতাবেক 'সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)' এর 'অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS)' অংশ হালনাগাদ করা হয়নি;

২. মাঠ পর্যায়ের বিভাগীয় দপ্তরসমূহ, সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম এবং মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তরসমূহের ওয়েবসাইটে প্রকাশিত সিটিজেন'স চার্টার হালনাগাদ নেই;

৩. 'সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩'-এ সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিকভিত্তিতে পুনর্গঠন করার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক মৎস্য অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিকভিত্তিতে পুনর্গঠন করা হয়নি।

**সুপারিশ:**

১. মৎস্য অধিদপ্তরের অভিযোগ নিষ্পত্তি আপিল কর্মকর্তা পরিবর্তন হওয়ায় 'সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)' এর 'অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS)' অংশ হালনাগাদ করতে হবে;

২. আগামী ২২/০৯/২০২২ খ্রিস্টাব্দে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে মৎস্য অধিদপ্তরের আওতাধীন দপ্তর সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হবে। সভায় মাঠ পর্যায়ের বিভাগীয় দপ্তরসমূহ, সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম এবং মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তরসমূহের ওয়েবসাইটে প্রকাশিত সিটিজেন'স চার্টার হালনাগাদকরণের নিমিত্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

৩. মৎস্য অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করতে হবে।

| | | |
|---|---|---|
| 22/09/2022 | 22/09/2022 | 22/09/2022 |
| (মো: ওয়াহেদ আল মাসুদ)<br>উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ)<br>ও<br>সদস্য<br>সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি | (মো: জুয়েল শেখ)<br>প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা<br>ও<br>সদস্য-সচিব<br>সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি | (ড. মোঃ খালেদ কনক)<br>উপপরিচালক (মৎস্যচাষ) (নি.বে)<br>ও<br>সভাপতি<br>সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
সম্প্রসারণ শাখা
www.fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২০.১৪.০০১.২২.৫১ তারিখ: ১২ আশ্বিন ১৪২৯
২৭ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **ত্রৈমাসিকভিত্তিতে মৎস্য অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন।**

সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন শাখা এর স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮১১.৫৫.০০৩.১৮.১০৭,তারিখ: ৩০/০৯/২০২০খ্রি.
২। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩।

অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন শাখা-এর নির্দেশনা মোতাবেক, গত ৩১/০৫/২০২২ খ্রিস্টাব্দের ৩৩.০২.০০০০.১২০.০৩.০৩৪.১৫-২১৭ স্মারকমূলে গঠিত মৎস্য অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) পরিবীক্ষণ কমিটি কার্যপরিধিসহ নিম্নরূপে পুনর্গঠন করা হলো:

| ক্র. নং | কর্মকর্তার নাম ও পদবী | মোবাইল ও টেলিফোন নম্বর এবং ই-মেইল অ্যাড্রেস | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|
| ০১. | ড. মোঃ খালেদ কনক<br>উপপরিচালক (মৎস্যচাষ) | মোবাইল নম্বর: ০১৭৬৩৫০৭৬৪০<br>টেলিফোন নম্বর: ০২-২২৩৩৮১৫৯২<br>ই-মেইল এড্রেস: ddaqua@fisheries.gov.bd | সভাপতি<br>(ফোকাল পয়েন্ট কর্মকর্তা) |
| ০২. | সুদীপ্ত মিশ্র<br>উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ)<br>সম্প্রসারণ শাখা | মোবাইল নম্বর: ০১৭৩৭০৭৬৫১২<br>ই-মেইল এড্রেস: sudipto.i.r.08@gmail.com | সদস্য |
| ০৩. | মো: ওয়াহেদ আল মাসুদ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ)<br>সম্প্রসারণ শাখা | মোবাইল নম্বর: ০১৭৩৪৩৭৪৯৯১<br>ই-মেইল এড্রেস: opu_wahed@yahoo.com | সদস্য |
| ০৪. | মোঃ জুয়েল শেখ<br>প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা<br>সম্প্রসারণ শাখা | মোবাইল নম্বর: ০১৭১৩৪০৫১৩৫<br>টেলিফোন নম্বর: ০২-২২৩৩৮৭২২০<br>ই-মেইল এড্রেস: cfeo@fisheries.gov.bd | সদস্য-সচিব<br>(বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা) |

কমিটির কার্যপরিধি:

ক) কমিটির সভাপতি ও সদস্য-সচিব যথাক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন;

খ) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) পরিবীক্ষণ, মূল্যায়ন, অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতকরণ ও হালনাগাদকরণ।

২৭-৯-২০২২
খঃ মাহবুবুল হক
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ০২-২২৩৩৮২৮৬১
ফ্যাক্স: ৯৫৬৮৩৯৩
ইমেইল: dg@fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২০.১৪.০০১.২২.৫১/১(১০৭)

তারিখ: ১২ আশ্বিন ১৪২৯
২৭ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রণীত নয়):

১) অতিরিক্ত মহাপরিচালক , মৎস্য অধিদপ্তর

২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শণ ও মাননিয়ন্ত্রণ/পরিকল্পনা ও জরিপ)/পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য/রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা

৩) পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম, মৎস্য অধিদপ্তর

৪) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা/চিংড়ি/ফিল্ড সার্ভিস/রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা

৫) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ

৬) উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ/কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার, কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি, ঢাকা/খুলনা/চট্টগ্রাম

৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৮) প্রকল্প পরিচালক (সকল)………………………………, মৎস্য অধিদপ্তর

৯) জেলা মৎস্য কর্মকর্তা (সকল)

১০) প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর

১১) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)

১২) জনাব সুদীপ্ত মিশ্র, উপজেলা মৎস্য কর্মকর্তা (রি), সম্প্রসারণ শাখা, মৎস্য অধিদপ্তর

১৩) জনাব মোঃ ওয়াহেদ আল মাসুদ, উপজেলা মৎস্য কর্মকর্তা (রি), সম্প্রসারণ শাখা, মৎস্য অধিদপ্তর

১৪) প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

২৭-৯-২০২২
ড. মোঃ খালেদ কনক
উপপরিচালক (মৎস্যচাষ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
সম্প্রসারণ শাখা
www.fisheries.gov.bd

নম্বর ৩৩.০২.০০০০.১২০.১৪.০০১.২২.৪৭

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

সভার নোটিশ

বিষয়: **সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম পরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম হিসাবে মৎস্য অধিদপ্তরের আওতাধীন দপ্তর সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভা**

অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম পরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম হিসাবে মৎস্য অধিদপ্তরের আওতাধীন দপ্তর সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভা আগামী ২২/০৯/২০২২ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ৯.৩০ ঘটিকায় মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর-এর সভাপতিত্বে অনলাইন/ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে (Zoom Apps) অনুষ্ঠিত হবে। উক্ত সভায় নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট সকলকে Zoom Apps-এর মাধ্যমে সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

Zoom Link-
https://us06web.zoom.us/j/6763499169?pwd=MkdDN0lvNk1KWk0rVm9uOGE5MWNUZz09
Meeting ID: 676 349 9169
Passcode: dof@2022

আলোচ্যসূচি:
১। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে মৎস্য অধিদপ্তরের আওতাধীন দপ্তরসমূহের সাথে অংশগ্রহণমূলক আলোচনা।
২। বিবিধ।

২১-৯-২০২২
ড. মোঃ খালেদ কনক
উপপরিচালক (মৎস্যচাষ)
ফোন: ০২-২২৩৩৮১৫৯২
ইমেইল:
ddaqua@fisheries.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত মহাপরিচালক , মৎস্য অধিদপ্তর

২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ/পরিকল্পনা ও জরিপ), মৎস্য অধিদপ্তর

৩) পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম, মৎস্য অধিদপ্তর

৪) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা/চিংড়ি), মৎস্য অধিদপ্তর

৫) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ

৬) উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, ঢাকা/চট্টগ্রাম/খুলনা

৭) জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর

৮) জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), জলমহাল শাখা, মৎস্য অধিদপ্তর

৯) উপপ্রধান, ইলিশ ব্যবস্থাপনা শাখা, মৎস্য অধিদপ্তর

১০) উপপ্রধান, সামুদ্রিক শাখা, মৎস্য অধিদপ্তর

১১) সিনিয়র সহকারী পরিচালক(সরবরাহ ও সেবা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (সভায় ২৫ জনের আপ্যায়নের অনুরোধ জানানো হলো)

১২) ষ্টাফ অফিসার (সহকারী পরিচালক), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৩) প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (Zoom Apps-এর মাধ্যমে সভা পরিচালনায় সহায়তা করার অনুরোধসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
সম্প্রসারণ শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | খঃ মাহবুবুল হক<br>মহাপরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ২২/০৯/২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ০৯.৩০ ঘটিকা |
| স্থান | সভাকক্ষ (২য় তলা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা এবং ভার্চুয়াল প্লাটফর্ম (Zoom Apps) |
| উপস্থিতি | সভায় অংগ্রহণকারীগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে প্রদর্শিত হলো। |

সভায় অংগ্রহণকারীগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে প্রদর্শিত হলো।

সভাপতি উপস্থিত/ভার্চুয়াল প্লাটফর্মে (Zoom Apps) সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি বলেন, দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে মৎস্য অধিদপ্তর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে এবং বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। সেবা প্রদান প্রতিশ্রুতি যথার্থ বাস্তবায়ন হলে নাগরিক সেবা প্রদানে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা বৃদ্ধি পাবে বলে তিনি আশা প্রকাশ করেন। অতঃপর তিনি অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরকে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে বক্তব্য উপস্থাপন করতে আহবান জানান।

২. জনাব মোহাঃ আতিয়ার রহমান, অতিরিক্ত মহাপরিচালক বিভিন্ন সেবা প্রদান বিষয়ে মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থার সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুসরন করার জন্য উপস্থিত সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাবৃন্দকে নির্দেশনা প্রদান করেন। প্রদর্শিত 'সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)' মোতাবেক সকল সেবা যথার্থভাবে প্রদান করার বিষয়ে গুরূত্বারোপ করেন। এরপর তিনি উপপরিচালক (মৎস্যচাষ)-কে এ বিষয়ে বক্তব্য উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

৩. ড. মোঃ খালেদ কনক, উপপরিচালক (মৎস্যচাষ) জানান মৎস্য অধিদপ্তরের ০৮টি বিভাগীয় দপ্তর, ০১ টি সামুদ্রিক মৎস্য দপ্তর এবং ০৩টি আঞ্চলিক মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তর (মোট ১২টি দপ্তর) সভায় ভার্চুয়াল প্লাটফর্মে (Zoom Apps) সংযুক্ত আছেন। পরবর্তী ত্রৈমাসিক সভায় মাঠ পর্যায়ের অন্যান্য দপ্তর/সংস্থাসমূহ পর্যায়ক্রমে সংযুক্ত থাকবে বলে তিনি সভাকে অবহিত করেন।

৪. অতঃপর, জনাব মোঃ জুয়েল শেখ, প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা মৎস্য অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। তিনি 'সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩' অনুসারে সংশ্লিষ্ট দপ্তরের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। এরপর তিনি পর্যায়ক্রমে সংযুক্ত ১২টি দপ্তরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)' আলোচনার উদ্দেশ্যে সভায় উপস্থাপন করেন এবং বিভিন্ন পর্যবেক্ষণ ও করণীয় সম্পর্কে আলোকপাত করেন।

এরপর সভাপতি উপস্থিত সকলকে তাদের নিজ নিজ দপ্তর হতে প্রদত্ত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানান। সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করে মূল্যবান মতামত প্রদান করেন।

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়-

<u>সিদ্ধান্ত-</u>

১. 'সেবা প্রদান প্রতিশ্রুতি'-তে শুধুমাত্র সংশ্লিষ্ট দপ্তরের আওতায় প্রদত্ত নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবাসমূহ

অন্তর্ভূক্ত থাকবে। উর্ধতন বা অধঃস্তন দপ্তর/সংস্থার কোন সেবা 'সেবা প্রদান প্রতিশ্রুতি'-তে অন্তর্ভূক্ত হবে না;

২. প্রস্তুতকৃত 'সেবা প্রদান প্রতিশ্রুতি'-তে ভিশন (Vission) ও মিশন (Mission)-এর আগে কোন প্রারম্ভিক বক্তব্য থাকবে না;

৩. ওয়েভ-পোর্টালে প্রকাশিত 'সেবা প্রদান প্রতিশ্রুতি'-র ক্ষেত্রে হেডার-এ ডানপাশে কর্নারে 'ওয়েবসাইটে প্রদর্শনের জন্য' লেখা থাকবে এবং হালনাগাদের সময় উল্লেখ থাকবে;

৪. সংশ্লিষ্ট দপ্তর হতে প্রদত্ত পরামর্শ 'সেবা প্রদান প্রতিশ্রুতি'-তে অন্তর্ভূক্ত হবে না;

৫. সংশ্লিষ্ট দপ্তরের আওতায় প্রদত্ত নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবাসমূহের প্রয়োজনীয় পুনর্বিন্যাস এবং নাম সংশোধন করতে হবে। এ ক্ষেত্রে মৎস্য অধিদপ্তরের সদর দপ্তরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি' অনুসরণ করা যেতে পারে;

৬. 'অভিযোগ প্রতিকার ব্যাবস্থাপনা' অংশে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পূর্ণ নামসহ পদ পদবী উল্লেখ থাকবে এবং নিষ্পত্তির সময়সীমা কার্যদিবসে উল্লেখ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

খঃ মাহবুবুল হক
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২০.১৪.০০১.২২.৫৩

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৯
২৮ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত মহাপরিচালক , মৎস্য অধিদপ্তর

২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শণ ও মাননিয়ন্ত্রণ/পরিকল্পনা ও জরিপ)/পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য/রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা

৩) পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম, মৎস্য অধিদপ্তর

৪) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা/চিংড়ি/ফিল্ড সার্ভিস), মৎস্য অধিদপ্তর

৫) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ

৬) উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, ঢাকা/চট্টগ্রাম/খুলনা

৭) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের অবগতির জন্য)

৮) জনাব মোঃ মুখলেসুর রহমান, জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর

৯) জনাব মুহাম্মদ মামুনুর রশীদ, জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর

১০) জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), জলমহল শাখা, মৎস্য অধিদপ্তর

১১) উপপ্রধান, সামুদ্রিক শাখা, মৎস্য অধিদপ্তর

১২) উপপ্রধান, ইলিশ ব্যবস্থাপনা শাখা, মৎস্য অধিদপ্তর

১৩) সিনিয়র সহকারী পরিচালক (সরবরাহ ও সেবা), মৎস্য অধিদপ্তর

১৪) প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

ড. মোঃ খালেদ কনক

## সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে মৎস্য অধিদপ্তরের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভার উপস্থিতির হাজিরা

স্থান: সম্মেলন কক্ষ (২য় তলা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা

তারিখ: ২২/০৯/২০২২ খ্রিস্টাব্দ

সময়- সকাল ৯.৩০ ঘটিকা

| ক্র. নং. | নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | ফাহমিদা আরা বেগম | পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য) | |
| ৩. | নারায়ণ চন্দ্র দাস | পরিচালক (P) | |
| ৪. | ড. মো: আলী [illegible] | পরিচালক (সামুদ্রিক) | |
| ৫. | মোহা: আতাউর রহমান খাঁন | পিএসও (পরিকল্পনা ও মনিটরিং) [illegible] | |
| ৬. | সৈয়দ মো: আলমগীর | উপ পরিচালক (প্রশাসন) মৎস্য অধিদপ্তর | |
| ৭. | মো: সাহেদ আলী | উপ পরিচালক (অর্থ ও পরি:) মৎস্য ভবন, ঢাকা | |
| ৮. | ড. মো: [illegible] | উপপরিচালক (মৎস্যচাষ) মৎস্য ভবন, রমনা, ঢাকা | |
| ৯. | মো: মুখলেছুর রহমান | জেলা মৎস্য কর্মকর্তা ([illegible]) | |

| ক্র. ন. | নাম | পদবি | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ১০. | মুহাম্মদ মাহফুজুর রহিম | জেলা [illegible] অফিসার(R) | |
| ১১. | শাহনাজ আকতার | সহকারী পরিচালক | |
| ১২. | রুবানা ফেরদৌসী | সহকারী পরিচালক | |
| ১৩. | মোঃ খালিদ ইকবাল হোসেন | [illegible] | |
| ১৪. | আসম জুলফিকার ফেরদৌসী | জেলা মৎস্য কর্মকর্তা | |
| ১৫. | | | |
| ১৬. | | | |
| ১৭. | | | |
| ১৮. | | | |
| ১৯. | | | |
| ২০. | | | |
| ২১. | | | |
| ২২. | | | |

# সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তরসমূহ সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

From: opu_wahed@yahoo.com (opu_wahed@yahoo.com)

To: dd@fisheries.gov.bd; directormarine@fisheries.gov.bd; ddfiqcctg@gmail.com; ddfiqcdhaka@fisheries.gov.bd; ddfiqckln@gmail.com; ddfiqctg@yahoo.com

Cc: jewel_shaik@yahoo.com

Date: Tuesday, October 4, 2022 at 08:32 AM GMT+6

আসসালামু আলাইকুম স্যার।
গত ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তরসমূহ সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।

সভার কার্যবিবরণী সদয় অবগতি ও কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

Best regards,

**Md. Wahed Al Masud**
Upazila Fisheries Officer (Reserve)
**Department of Fisheries Bangladesh**
Matshya Bhaban, Ramna, Dhaka-1000
http://fisheries.gov.bd
Phone: +880 1734374991

CC resolution.pdf
193.2kB